গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
বিভাগীয় কার্যালয়, রংপুর।
www.srdi.rangpur.gov.bd

## মাসিক বিভাগীয় অভ্যন্তরীণ কারিগরি সমন্বয় সভা মে-২০২৬ এর কার্যপত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আব্দুল হালিম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর। |
| সভার তারিখ ও সময় | : | ২১/০৫/২০২৬ খ্রি. সকাল: ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মিনি কনফারেন্স রুম, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর। |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার আলোচ্যসূচী অনুযায়ী সভায় অংশগ্রহণকারী সকলকে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।

সভায় ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার (এমএসটিএল) খরিপ ২০২৬ মৌসুমের রংপুর বিভাগের জন্য নির্ধারিত উপজেলাসমূহের কৃষক প্রশিক্ষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ তাদের অগ্রগতি সম্পর্কে সভাপতি মহোদয়কে অবহিত করেন। নিম্নোক্ত উপজেলা সমূহে এমএসটিএল এর কৃষক প্রশিক্ষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ সফলভাবে শেষ হয়েছে বলে সভায় জানানো হয়।

| অফিস | উপজেলা | জেলা |
|---|---|---|
| আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও | বোদা | পঞ্চগড় |
| | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর | বিরল | দিনাজপুর |
| বিভাগীয় কার্যালয়, রংপুর | জলঢাকা | নীলফামারী |
| | পীরগাছা | রংপুর |
| আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট | পাটগ্রাম | লালমনিরহাট |
| | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |

আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা হতে গোবিন্দগঞ্জ উপজেলার এমএসটিএল এর কৃষক প্রশিক্ষণ ও সার সুপারিশ কার্ড বিতরণ আগামী ২-৪ জুন অনুষ্ঠিত হবে। প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

সভায় ২০২৫-২৬ অর্থবছরে জরিপকৃত উপজেলাসমূহের মৃত্তিকা নমুনার চালান এর অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

জনাব, মো: মশিউর রহমান, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট জানান, তার কার্যালয়ের অধীন জরিপকৃত লালমনিরহাট সদর ও নাগেশ্বরী উপজেলার সংগৃহীত মৃত্তিকা নমুনার চালান তৈরী করে রাসায়নিক বিশ্লেষণের জন্য রংপুর বিভাগীয় গবেষণাগারে পাঠানো হয়েছে।
অন্যান্য কার্যালয়ও তাদের মৃত্তিকা নমুনা রাসায়নিক বিশ্লেষণের জন্য গবেষণাগারে পাঠিয়ে বলে জানান।

সভায় ২০২৫-২৬ অর্থ বছরে মুদ্রণের জন্য নির্ধারিত ইউনিয়ন সহায়িকা ও উপজেলা নির্দেশিকার বিষয়ে আলোচনা করা হয়।
সবগুলো অফিস তাদের ইউনিয়ন সহায়িকার খসড়া প্রতিবেদন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর মহোদয়ের নিকট সম্পাদনার জন্য পাঠিয়েছন বলে জানান। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মহোদয় তা সম্পাদনা সম্পন্ন করে মুদ্রণের জন্য প্রেসে পাঠিয়ে দিয়েছেন। ঠাকুরগাঁও সদর- রাসায়নিক বিশ্লেষণের ডাটা পাওয়া গেছে। জনাব, মো: আব্দুল গফুর, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও ড্রাফটসম্যান বাশারের সহায়তা নিয়ে প্রতিবেদন প্রস্তুতের কাজ করছেন।

সভায় খরিপ-১, ২০২৬ মৌসুমে স্থাপনকৃত সুষম সারের ব্যবহার ভিত্তিক প্রায়গিক ট্রায়ালসমূহের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। প্রতিটি অফিস নির্দেশনা মোতাবেক ২টি করে প্রায়গিক ট্রায়াল স্থাপন করেছিলেন এবং অধিকাংশের মাঠ দিবস সম্পন্ন হয়েছে। এগুলো হলো-

| **অফিস** | **উপজেলা** | প্রায়গিক ট্রায়ালের ফসলের জাত |
|---|---|---|
| আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর | ব্রি ধান ৫৮ |
| | বালিয়াডাঙ্গি | ব্রি ধান ৮৮ |
| আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর | দিনাজপুর সদর | ব্রি ধান ৮২ |
| | চিরির বন্দর | ব্রি ধান ৮৯ |
| বিভাগীয় কার্যালয়, রংপুর | রংপুর সদর | ব্রি ধান ৮৮ |
| | রংপুর সদর | কৃষিবিদ হাইব্রিড ধান- ১ |
| | মিঠাপুকুর | ব্রাক শক্তি-৩ (বোরো হাইব্রিড ধান) |
| | মিঠাপুকুর | ব্রাক শক্তি-৩ (বোরো হাইব্রিড ধান) |
| আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট | নাগেশ্বরী | হাইব্রিড বোরো ধান |
| | লালমনিরহাট সদর | হাইব্রিড ভূট্টা |
| আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা | গাইবান্ধা সদর | ব্রি ধান ২৮ |
| | গাইবান্ধা সদর | ব্রি ধান ৮৯ |

সভায় ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কারিগরি কর্মশালার প্রস্তুতি নিয়ে আলোচনা হয়।

**বিস্তারিত আলোচনার পর সর্ব-সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| **সিদ্ধান্ত সমূহ** | **সিদ্ধান্ত বাস্তবায়নকারী** |
|---|---|
| ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক কারিগরি কর্মশালা সফল করতে বিভাগীয় কার্যালয়ের অধীন সকল কর্মকর্তাকে সম্মীলিতভাবে কাজ করতে হবে। | বিভগীয় কার্যালয় ও আওতাধীন আঞ্চলিক কার্যালয়সমূহ |
| ২০২৫-২৬ অর্থবছরের খরিপ-১ মৌসুমে স্থাপনকৃত প্রায়োগিক গবেষণা ট্রায়াল প্লটের ফলাফল রিপোর্ট আকারে সংরক্ষণ করতে হবে। | |
| বিভাগীয় কার্যালয়কে প্রতি সপ্তাহের মঙ্গলবারে সাপ্তাহিক রিপোর্ট প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | |
| আরএসএস রিপোর্ট পুণমুদ্রণ করে প্রতিটি অফিস সংরক্ষণ করবে। | |

১০/০৫/২০২৬

(মো: আব্দুল হালিম)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
ফোন ঃ ০২৫৮৮৮১০৬
srdi.rangpur@gmail.com